ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫০৩৬
আগরতলা, ২ ফেব্রুয়ারি, ২০২৬

**১২ ফেব্রুয়ারি অফিস-আদালতে স্বাভাবিক কাজকর্ম বজায় থাকবে**

একটি সর্বভারতীয় কর্মচারি সংগঠন আগামী ১২ ফেব্রুয়ারি, ২০২৬ কর্মচারিদের বিভিন্ন দাবিদাওয়া আদায়ের জন্য সর্বভারতীয় বনধ’র ডাক দিয়েছে। রাজ্যেরও একটি কর্মচারি সংগঠন এই বনধকে সমর্থন জানিয়ে রাজ্য সরকারের কর্মচারিদের বনধ-এ সামিল হতে আহ্বান জানিয়েছে।

এর পরিপ্রেক্ষিতে রাজ্য সরকারের সাধারণ প্রশাসনের (এআর) পক্ষ থেকে জানানো হয়েছে সব অফিস আদালত, সরকার অধিগৃহীত সংস্থায় আগামী ১২ ফেব্রুয়ারি, ২০২৬ স্বাভাবিক কাজকর্ম অব্যাহত থাকবে। সব সরকারি কর্মচারি, অধিগৃহীত সংস্থা ও সংগঠনের কর্মীগণ ঐদিন অন্যান্য দিনের মতোই তাদের দায়িত্ব পালন করবেন বলে আশা করা হচ্ছে। ঐদিন দুপুর ১২টার মধ্যে বিভিন্ন অফিস, অধিগৃহীত সংস্থা ও সংগঠনের কর্মচারিদের উপস্থিতির হার জানানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়েছে। রাজ্য সরকারের সাধারণ প্রশাসনের (এআর) পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****